টুঙ্গির হামলার প্রতিবাদে পটুয়াখালীতে বিক্ষোভ সমাবেশ

written by Chandradip News24 | December 20, 2024

টঙ্গীর ময়দানে গভীর রাতে সন্ত্রাসী সাদপন্থীদের পক্ষ থেকে শুরাঈ নিযামের সাথীদের উপর অতর্কিত হামলায়
আহত ও নিহতদের বিচার ও সাদপন্থীদের নিষিদ্ধের দাবিতে
বিক্ষোভ মিছিল ও সমাবেশ
২০ ডিসেম্বর-২০২৪ ইং রোজঃ শুক্রবার বাদ জুমা
আয়োজনেঃ ওলামা মাশায়েখ ও সর্বস্তরের তাওহিদি জনতা, পটুয়াখালী।

টুঙ্গির ইজতেমা ময়দানে শুয়াইব নিজাম অনুসারীদের উপর গভীর রাতে হামলার প্রতিবাদে এবং সাদপন্থিদের নিষিদ্ধের দাবিতে পটুয়াখালীতে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার জুমার নামাজ শেষে মডেল মসজিদ থেকে বিক্ষোভ মিছিলটি শুরু হয় এবং জেলা প্রশাসকের বাসভবনের সামনে গিয়ে শেষ হয়। সেখানে ওলামা মাশায়েখ ও তৌহিদি জনতা সাদপন্থিদের বিচারের দাবিতে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি প্রদান করেন।

সমাবেশে বক্তারা বলেন, “কিছু কুচক্রী মহল মুসলমানদের মধ্যে বিভক্তি সৃষ্টির জন্য কাজ করছে। তবে আমরা শান্তিপূর্ণ অবস্থান বজায় রাখব। এই নৃশংস হামলায় যারা জড়িত, তাদের দৃষ্টান্তমূলক শাস্তি এবং সাদপন্থিদের নিষিদ্ধের দাবি জানাই।”

বিক্ষোভ মিছিলে অংশগ্রহণ করেন তাবলীগ জামায়াতের মাওলানা আবু তাহের, জেলা ইমাম পরিষদের সভাপতি মাওলানা আবু সাঈদ, এবং জেলা জমিয়াতুল ওলামা ইসলামের সভাপতি মো. আব্দুল হক কাওসারী।

_

মো : আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট , চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম